

রেজিস্টার্ড নং ডি এ-১

১৭৩

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪১৫ বঙ্গাব্দ/০১ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

নং ২৩(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৪ জ্যৈষ্ঠ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ২৮ মে, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ২৩, ২০০৮

গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬ নং আইন) রহিতকরণকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু Writ Petition No. 4502 of 2003 এ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ কর্তৃক ০২ আগস্ট, ২০০৫ তারিখে প্রদত্ত Judgment এ গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬ নং আইন) unconstitutional and void ঘোষিত হয়; এবং

যেহেতু উক্ত রায়ের বিরুদ্ধে আনীত Civil Misc. Petition for leave to Appeal No. 545 of 2005 বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক ২১ মে, ২০০৭ তারিখে প্রদত্ত Order এ dismissed হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের উক্তরূপ Order এর কারণে গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬ নং আইন) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

(৩১৫১)

মূল্য ৪ টাকা ২.০০

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট উহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেনঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—এই অধ্যাদেশ গ্রাম সরকার (রহিতকরণ) অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

২। ২০০৩ সনের ৬ নং আইন এর রহিতকরণ।—(১) গ্রাম সরকার আইন, ২০০৩ (২০০৩ সনের ৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত আইন রহিত হইবার সঙ্গে সঙ্গে—

- (ক) উহার অধীন গঠিত গ্রাম সরকার, অতঃপর বিলুপ্ত গ্রাম সরকার বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল;
- (খ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের অনুকূলে ন্যস্ত হইবে;
- (গ) বিলুপ্ত গ্রাম সরকারের সকল ঋণ ও দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এলাকার ইউনিয়ন পরিষদের ঋণ ও দায়-দায়িত্ব বলিয়া গণ্য হইবে; এবং
- (ঘ) বিলুপ্ত গ্রাম সরকারের অধীনে কৃত উহার সকল কার্য বা গৃহীত ব্যবস্থা বা কোন আদালতে বিচারাধীন কোন মামলা উক্তরূপ কার্য বা বিচার-ব্যবস্থা বা মামলা অকার্যকর, রহিত ও বাতিল বলিয়া গণ্য হইবে।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪১৫ বঙ্গাব্দ
২৮ মে ২০০৮ খ্রিস্টাব্দ।

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল

ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।